



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৮-০৫-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ন্যাশনাল টিমস্ কমিটির নিয়মিত সভা অদ্য ০৮-০৫-২০২১ তারিখ রোজ শনিবার বিকাল ৩:১৫ ঘটিকায় ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভার সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান কাজী নাবিল আহমেদ, এমপি। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ১। 'ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২২ কাতার (কোয়ালিফায়ার্স)' এ অংশগ্রহণ উপলক্ষে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের আবাসিক ক্যাম্প শাহবাগস্থ হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত হবে।
- ২। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের খেলোয়াড়গণ স্ব স্ব ক্লাবের পক্ষে চলমান 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর ম্যাচে অংশগ্রহণ শেষে সরাসরি জাতীয় ফুটবল দলের আবাসিক ক্যাম্পে আগামী ১০/১১ মে ২০২১ তারিখ হতে যোগদান করবে।
- ৩। 'ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২২ কাতার (কোয়ালিফায়ার্স)' এর ৩টি ম্যাচ আগামী ৩, ৭ ও ১৫ জুন ২০২১ তারিখ কাতারে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ জাতীয় ফুটবল দল উক্ত ম্যাচসমূহে অংশগ্রহণের লক্ষ্যে আগামী ২১/২২ মে ২০২১ তারিখ কাতারের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবে এবং ২৫/২৬ ও ২৯ মে ২০২১ তারিখ কাতারে স্থানীয় ক্লাব দলের সাথে দু'টি প্রীতি ফুটবল ম্যাচে অংশগ্রহণের লক্ষ্যে কাতার ফুটবল এসোসিয়েশনকে অনুরোধ জানানো হবে।
- ৪। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের ম্যানেজার হিসেবে জাতীয় ফুটবল দলের প্রাক্তন খেলোয়াড় জনাব মোঃ ইকবাল হোসেনকে পুনরায় মনোনীত এবং অবজারভার হিসেবে জনাব মোঃ মঞ্জুর আলম মঞ্জুকে মনোনীত করা হয়েছে।
- ৫। বসুন্ধরা কিংস এর খেলোয়াড়গণ মালদ্বীপে অনুষ্ঠিতব্য এএফসি কাপ এর খেলা শেষে সরাসরি কাতারে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাথে যোগদান করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ কর হয়। বাংলাদেশ জাতীয় ফুটবল দলের নামের তালিকা সংযুক্ত করা হলো।

আহসান আহমেদ অমিত

হেড অব মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।